

ফেব্রুয়ারী/২০২২ মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ মোঃ সোলায়মান বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া

সভার তারিখ ও সময়ঃ ২৮/০২/২০২২, সকাল-১১.০০ ঘটিকা

স্থানঃ "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ব্যক্তিবর্গের তালিকাঃ পরিষদ "ক"

জনাব মোঃ সোলায়মান বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া এর সভাপতিত্বে ফেব্রুয়ারী/২০২২ মাসের মাসিক সমন্বয় সভা "বজ্রকণ্ঠ" উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। অতঃপর পূর্ব বর্তী মাসের কার্য বিবরণীসকলকে পাঠ করে শুনানো হয়। কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের কর্ম কর্তাগণকে সমন্বয় সভায় তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

উপজেলা প্রকৌশলীর কার্য লয় টুঙ্গিপাড়া

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, এলজিইডির আওতায় টুঙ্গিপাড়া উপজেলায় বিভিন্ন প্রকল্পের অধীনে বিভিন্ন স্কীম বাস্তবায়নাধীন রয়েছে। তন্মধ্যে গোপালগঞ্জ জেলার গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত)-৮৫টি কাজ রয়েছে। তন্মধ্যে ৬৩টি সমাপ্ত, চলমান ২২টি। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (জিএসআইডিপি)- ২৪টি, সমাপ্ত ২৩টি, কাজ চলমান -১টি। উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্পটি সমাপ্ত ১টি ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রশস্তকরণ ও শক্তিশালীকরণ প্রকল্প ০৩ কাজ চলমান। দেশব্যাপী গ্রামীণ হাট বাজার উন্নয়ন প্রকল্পে বাশুড়িয়া হাটে মার্কেট নির্মাণের জন্য খাস জমি না থাকায় বিকল্প জায়গা নির্ধারণ করা সম্ভব হয় নাই। বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা মোতাবেক বিকল্প খাস জমির অনুসন্ধান চলছে। বিকল্প বাজার হিসেবে বাঁশবাড়ীয়া বাজার নির্ধারণের চেষ্টা করা হচ্ছে। সারা দেশে খাল পুকুর উন্নয়ন প্রকল্প (আইপিপি) ৬টি কাজ চলমান রয়েছে। রুরাল কানেক্টিভিটি ইমপ্লেমেন্ট প্রজেক্ট (আর সি আইপি) ১টি কাজ চলমান রয়েছে। বন্যা দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন প্রকল্প ১টি কাজ সমাপ্ত হয়েছে। জলবায়ু সহনশীল গ্রামীণ অবকাঠামো প্রকল্প (সি আর আর আই পি) ২২টি প্রকল্প কাজের মধ্যে ১১টি কাজ সমাপ্ত হয়েছে এবং ১১টি কাজ চলমান রয়েছে। ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৪টি উপ-প্রকল্পের খাল খনন সম্পন্ন হয়েছে। ২টি বেড়ী বাঁধ এবং ২টি WMC Office এর কাজ চলমান রয়েছে। গ্রামীণ সড়ক পুনর্বাসন প্রকল্পের ০১টি কাজ চলমান রয়েছে। পল্লী সড়ক মেরামত ও সংরক্ষণ প্রকল্পের ১৬টি কাজের ২টি কাজ সমাপ্ত হয়েছে। সারা দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্পের ১টি কাজ চলমান রয়েছে। উপজেলা পরিষদ সম্প্রসারণ প্রকল্পের ১টি কাজ চলমান রয়েছে। চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী প্রকল্পের ১৫টি কাজের ২টি কাজ সমাপ্ত হয়েছে। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন প্রকল্পের ১০টি কাজের সবগুলো সমাপ্ত হয়েছে। সভায় তিনি আরও জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ২০২১-২০২২ অর্থ বছরের ১২টি প্যাকেজে ৪৩টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। যা ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়েছে। এছাড়া পি আই সি' কমিটির মাধ্যমে ১৮টি এবং কোটেশনের মাধ্যমে ৪টি স্কীম গ্রহণ করা হয়েছে। সভায় তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের মটরসহ পানির লাইনে সমস্যা দেখা দিয়েছে। পানির</p>	<p>সিদ্ধান্তঃ (১) উপস্থাপিত প্রস্তাবগুলো সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে সভায় অনুমোদিত হয়।</p> <p>(২) উপজেলা পরিষদের জন্য নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়াকে কোটেশন আবহান করার জন্য অনুরোধ জানান।</p> <p>(৩) উপজেলা পরিষদ হলরুম সংস্কার কাজের জন্য ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকার একটি প্রকল্প গ্রহণ করে। নিম্নবর্ণিত কর্মকর্তা কর্মচারীদের সমন্বয়ে একটি ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।</p> <p>(৪) জনাব সোফিদা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান- সভাপতি, (২) জনাব ফারুকুজ্জামান, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্য লয় সদস্য সচিব, (৩) জনাব ইমরান চৌধুরী, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, সদস্য (৪) জনাব নিখিল চন্দ্র ঘরামী, নাজির, উপজেলা নির্বাহী অফিসারের কার্য লয় সদস্য (৫) জনাব আবু তালেব, ইলেক্ট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলীর কার্য লয় টুঙ্গিপাড়া, সদস্য।</p>	<p>১। উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া।</p>

লাইনটি সংস্কার করা প্রয়োজন এবং উপজেলা পরিষদ সভাকক্ষে ও হলরুমের জন্য পর্যাপ্ত মানসম্মত কুশন চেয়ার নেই। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে কুশন চেয়ারসহ নুতন আসবাবপত্র ক্রয়ের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় তিনি আরও জানান যে, আগামী ১৭ মার্চ, ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১০২তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত হবে। উক্ত দিবসকে সামনে রেখে উপজেলা পরিষদ হলরুমটি ব্যবহার উপযোগী করে সংস্কার করার প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।		
--	--	--

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), টুঙ্গিপাড়া

সভায় উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দের বিপরীতে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প "জামিয়া ইসলামিয়া দারুল উলু খাদেমুল ইসলাম গওহরডাঙ্গা মাদ্রাসার জন্য ওয়াশ ব্লক নির্মাণ" (INF-2017-2018-303591-02) কাজের চূড়ান্ত বিল ১০,৭৪,৯৮৩.৪০/= (দশ লক্ষ চুয়াত্বুর হাজার নয়শত তেরাশি টাকা চল্লিশ পয়সা) এবং ২০১৮-২০২১ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প "গিমাডাঙ্গা দক্ষিণপাড়া কৃষি জমিতে বারিড পাইপ স্থাপন" (INF-2018-2019-303591-02) কাজের চূড়ান্ত বিল= ৯,৮৬,৯৩০.৯০/= (নয় লক্ষ ছিয়াশি হাজার নয়শত ত্রিশ টাকা নব্বই পয়সা) উল্লেখিত ০২টি উপ-প্রকল্পের কাজ ইতোমধ্যেই সম্পন্ন করা হয়েছে। এমতাবস্থায়, উক্ত কাজের বিপরীতে বিল প্রস্তুত পূর্ব ক এ সংক্রান্ত অন্যান্য কাগজপত্র উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সিদ্ধান্তঃ প্রস্তাবটি সর্ব সম্মত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত হয়।	উপজেলা প্রকৌশলী, টুঙ্গিপাড়া
--	---	------------------------------

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর কার্য লয়

সভায় উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), টুঙ্গিপাড়া জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বেসিনসহ পানির উৎস স্থাপন প্রকল্পে ২৪টি কাজ চলমান রয়েছে। ওয়াশরুম নির্মাণে কাজে ১৪টি কাজ চলমান রয়েছে। ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন প্রকল্পে পাটগাতী ১টি, কুশলী ১টি, বর্নি ১টি, গোপালপুর ১টি করে প্রত্যেকটি সাইট নির্বাচন কাজ চলমান রয়েছে। গভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য কম স্বাভাবিক ভাবে চলছে।		উপজেলা শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া
---	--	-----------------------------------

উপজেলা শিক্ষা কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, জানুয়ারী, ২০২২ মাসের বই বিতরণ অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বিদ্যালয়ের নতুন বুটিন অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ের পাঠদান চলছে। পাশাপাশি টেলিভিশন ও বেতারের মাধ্যমেও বিভিন্ন বিষয়ে পাঠদান চলমান রয়েছে। প্রত্যেক বিদ্যালয়ে নতুন বছরে নতুন জাতীয় পতাকা ব্যবহার নিশ্চিত করা হয়েছে। এছাড়া নতুন শপথ পাঠের নির্দেশনা দেওয়া হয়েছে।	---o---	উপজেলা শিক্ষা কর্ম কর্তা টুঙ্গিপাড়া।
--	---------	---------------------------------------

উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তার কার্য লয়

সভায় উপজেলা শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া জানান যে, ভিজিডি, মাতৃত্বকালীন ভাতাসহ অন্যান্য দাপ্তরিক স্বাভাবিক কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।		উপজেলা মহিলা বিষয়ক কর্ম কর্তা টুঙ্গিপাড়া
---	--	--

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তার কার্য লয়

<p>সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, জানুয়ারী, ২০২২ মাসের বই বিতরণ অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বিদ্যালয়ের নতুন বুকটি অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ের পাঠদান চলছে। সভায় তিনি আরও জানান যে, মাধ্যমিক আন্তঃস্কুল পর্যায়ের শীতকালীন খেলাধুলার আয়োজন করা হয়েছে। খেলাধুলা বিষয়ক সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার টাকা মাত্র) অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে শীতকালীন সময়ে খেলাধুলা বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা মাত্র অনুদান প্রদানের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে চলছে।</p>	<p>সিদ্ধান্তঃ শীতকালীন খেলাধুলা সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মত ভাবে সভায় গৃহীত হয়।</p>	<p>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	---	--

উপজেলা কৃষি কর্ম কর্তার কার্য লয় টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা কৃষি কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, উপজেলাতে বর্তমানে সারের কোন সংকট নেই পর্যাপ্ত সার রয়েছে। সভা তিনি আরও জানান যে, কিছু লোক অভিযোগ করছে আমাদের উপজেলার সার অন্য উপজেলার লোকজনের মধ্যে বিতরণ করা হচ্ছে। কথাটি সম্পূর্ণ বানোয়াট ও ভিত্তিহীন। কুশলী ইউনিয়নের দঃবাসুড়িয়া কালাপানি নামক স্থানে ১১০০ জন কৃষক বসবাস করেন। কিন্তু তাদের ঐ এলাকায় কোন সার ডিলার নেই। তাই তারা উপজেলাতে সার সংগ্রহ করেছেন। এই বিষয়টি কে বা কাহারো গুজব রটিয়েছে যে, অন্য উপজেলার লোক এই উপজেলা থেকে সার সংগ্রহ করছে। সভায় তিনি আরও জানান যে, গোপালপুর ইউনিয়নের নীচু এলাকায় জলাবদ্ধতার কারণে বোর চাষে বিঘ্নের সৃষ্টি হচ্ছে এবং ডুমুরিয়া তরিকুল্লার খাল থেকে লবন পানি ঢুকে উল্লেখিত স্থানে একটি বাঁধ অথবা স্লুইজ গেট নির্মাণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>সিদ্ধান্তঃ টুঞ্জিপাড়া উপজেলায় প্রতিটি ইউনিয়নে খাল রয়েছে। এ খালগুলো উন্নয়নের জন্য পানি উন্নয়ন বোর্ড, বিএডিসি, উপজেলা প্রকৌশলীর কার্যালয়সহ কৃষি ও মৎস্য অফিস হতে প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে। এ ধরনের প্রকল্প গ্রহণে দপ্তর ভিত্তিক কোন সুনির্দিষ্ট তথ্য না থাকায় প্রকল্প গ্রহণে দ্বৈততার সৃষ্টি হয়। ভবিষ্যতে এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা যাতে না হয়। সেজন্য সহকারী কমিশনার ভূমি কে আহবায়ক করে সংশ্লিষ্ট দপ্তর, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মেম্বার ও সুফল ভোগীদের নিয়ে খাল বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানান।</p>	<p>উপজেলার কৃষি কর্ম কর্তা, টুঞ্জিপাড়া</p>
---	---	---

সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তার কার্য লয় টুঞ্জিপাড়া

<p>সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় শামুক সংরক্ষণে উদ্বুদ্ধকরণ বিষয়ে ২ ব্যাচে ৪০ জন মৎস্যচাষী ও মৎস্যজীবীকে এবং দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ ব্যবস্থাপনা বিষয়ে ১ ব্যাচে ২০ জন মৎস্যচাষীসহ মোট ৬০ জন মৎস্যচাষী ও মৎস্যজীবীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বন্যাবাড়ী মৎস্য অভয়াশ্রম মেরামতের অংশ হিসেবে কচুরীপানা পরিষ্কারের জন্য শ্রমিক নিয়োগ করা হয়েছে। চলতি জাটকা সংরক্ষণ মৌসুমে জাটকা ক্রয়-বিক্রয় নিরুৎসাহিত করনে নিয়মিত বাজার পরিদর্শন ও প্রশিক্ষণ প্রদানের জন্য চিংড়ি চাষী ক্লাস্টার গঠন করা হয়েছে। ৩টি ক্লাস্টারে মোট ৭৫ জন চাষীকে নিয়ে সাধারণ সভা করা হয়েছে। আরও ৪টি ক্লাস্টার গঠনের কার্য ক্রম চলমান আছে। দেশীয় প্রজাতির মাছ রক্ষায় অবৈধ জাল ধ্বংসে অভিযান অব্যাহত আছে এবং ক্ষতিকর চায়না জাল জব্দ করে পুড়িয়ে ফেলা হচ্ছে। সভায় তিনি আরও জানান যে, টিএমএসএস নামক একটি এনজিও উন্মুক্ত জলাশয়ে মৎস্য প্রজনন বৃদ্ধির জন্য বর্নি বাওড়ের বর্নি অংশে একটি অভয়াশ্রম করার জন্য প্রস্তাব প্রেরণ করেছেন। সভায় প্রস্তাবটি গৃহীত হলে উল্লেখিত এনজিওকে বর্নি বাওড়ে মৎস্য অভয়াশ্রম করার জন্য অনুমতি প্রদান করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>সিদ্ধান্তঃ প্রস্তাবটি সর্ব সম্মতভাবে সভায় গৃহীত হয় এবং বর্নি বাওড়ের কুশলী অংশ আরও একটি অভয়াশ্রম করার জন্য পিপিতে নাম চোকানোর অনুরোধ জানান।</p>	<p>সিনিয়র উপজেলা মৎস্য কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
--	---	--

উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, এনএটিপি-২ প্রকল্পের আওতায় চলতি মাসে ০৯ টি ইনফোর্টিং লিটি ক্যাম্পেইন (গাভী) করা হয়ে এবং কুশলী ইউনিয়নে ২টি সিআইজি খামারী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প এর আওতায় ১ জন সিইএ নিয়োগ করা হবে। চলতি মাসে ৩৮৮টি গাভীর কৃত্রিম প্রজনন, ১৬৮০টি গবাদি পশুর টিকা ও ২৪৯০০টি হাস মুরগির টিকা বিক্রয় করা হয়েছে। এবং ৫জন দুগ্ধ খামারীকে ক্যাম্পাস নার্সারি থেকে পাকচংস (উন্নত জাতের ঘাস) ঘাসের কাটিং বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---0---</p>	<p>উপজেলা প্রাণি সম্পদ কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	----------------	---

উপ-সহকারী পাট উন্নয়ন কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় উপ-সহকারী পাট উন্নয়ন কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, পাট উৎপাদন চাষীদের মধ্য থেকে ১৫০জন পাট উৎপাদন চাষীর প্রশিক্ষণের তালিকা প্রস্তুত করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---0---</p>	<p>উপ-সহকারী পাট উন্নয়ন কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	----------------	---

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের আওতায় ১ম ও ২য় পর্যায়ের বরাদ্দের কাজ চলমান রয়েছে। বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পে ৩টি কাজ চলমান রয়েছে। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী ১ম পর্যায়ের কাজ চলমান রয়েছে। ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহনির্মাণ প্রকল্প 'ক' শ্রেণী (২য় পর্যায়) ৫০টি গৃহ নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া কাবিটা, কাবিখা, টিআর কার্য ক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---0---</p>	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্ম কর্তার কার্য লয় টুঞ্জিপাড়া</p>
--	----------------	--

সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি এর কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, টুঞ্জিপাড়া জানান যে, ২০২১-২২ সেচ মৌসুমে ১৬টি এলএলপি স্কীমের সবগুলো স্কীম চালু হয়েছে। উক্ত স্কীমের সেচযন্ত্রের আদায়যোগ্য ভাড়া ৮৩,০০০/= (তিরিশ হাজার টাকা)র বিপরীতে ২৩৫০০/= টাকা আদায় করা হয়েছে। উপজেলা সেচ কমিটিতে সেচ কাজে অগভীর নলকূপ ব্যবহারের জন্য প্রাপ্ত ০২টি আবেদনের প্রেক্ষিতে শর্ত সাপেক্ষে লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বৃহত্তর ফরিদপুর সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (৪র্থ পর্যায়) এর মাধ্যমে বারিড পাইপসহ ১টি ২ কউসেক এলএলপি স্কীমের নির্মাণ কাজ শুরু হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে।</p>	<p>---0---</p>	<p>সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি টুঞ্জিপাড়া</p>
--	----------------	---

উপজেলা সমাজসেবা কর্ম কর্তার কার্য লয়টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা সমাজসেবা কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ২য় কিস্তির সকল ভাতাভোগীর পে-রোল প্রদান করা হয়েছে। সুদ মুক্ত ক্ষুদ্রঋণ খাতে ডিসেম্বর ২০২১ মাসে ১৯,৬০,০০০/= টাকা বিনিয়োগ/পুনঃবিনিয়োগ করা হয়েছে। বকেয়া লোন আদায়ের জন্য উঠান বৈঠক ও কিস্তি আদায়ের তৎপরতা চলমান আছে। ক্যান্সার/কিডনী/লিভার সিরোসিস/স্ট্রোক প্যারালাইজড/জন্মগত হৃদরোগ/থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তার জন্য ০৯টি আবেদন জেলায় প্রেরণ করা হয়েছে। নিউরো ডেভেলপমেন্টাল সাহায্যের জন্য ৭টি আবেদন পাঠানো হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্য ক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---0---</p>	<p>উপজেলা সমাজসেবা কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	----------------	---

উপজেলা সমবায় কর্ম কর্তার কার্যালয়, টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা সমবায় কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে; দেশের বিভিন্ন স্থানে সমবায় বিভাগের নিবন্ধন বিহীন বহুমুখী/মাল্টিপারপাস সমিতির নামে সঞ্চয় সংগ্রহ ও লোন কার্যক্রম পরিচালনা করছে। টুঞ্জিপাড়া উপজেলায় এ ধরনের কোন প্রতিষ্ঠান উপজেলা সমবায় কার্যক্রমের নজর এড়িয়ে কার্যক্রম পরিচালনা করে থাকলে, উপজেলা সমবায় বিভাগকে অবহিত করতে অনুরোধ জানান। সভায় তিনি আরও জানান যে; দুগ্ধ উন্নয়ন প্রকল্পের আওতায় এই উপজেলায় ১৬৬ জন দুগ্ধ খামারীকে ০৩ (তিন) বছর মেয়াদী ১৩৭,৫০,০০০/= (এক কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা সুদ বিহীন ঋণ দান করা হয়েছিল। বর্তমান মাস পর্যন্ত ঋণ আদায়ের পরিমাণ- ৪৬৮১৪০০/= টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন প্রকল্প ফেইজ ২ এর অধীনে উপজেলা সমবায় দপ্তর, টুঞ্জিপাড়া এর আওতায় নিবন্ধিত ০২টি সমিতিতে ৬৮ জন সদস্যকে ১১,১০,০০০/= টাকা ঋণ দান করা হয়েছে। বর্তমান মাস পর্যন্ত আদায়- ৪৩৩৭০৬/=। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় নারী উন্নয়ন সমিতির ০২টি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২০০ জন মহিলা সদস্যদের মধ্যে ২,৪০,০০,০০০/= টাকা সুদ বিহীন ঋণ প্রদান করা ঋণ আদায়ের পরিমাণ- ১০০৬১৫০০/= টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য থানার মাধ্যমে নোটিশ প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>----০----</p>	<p>১। উপজেলা সমবায় কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	------------------	--

উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তার কার্যালয় টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, পি আরডিপি-০৩ প্রকল্পের আওতায় বর্তমানে ০৩টি ভিডিসি স্কীমের কাজ চলমান রয়েছে। অপ্রধান শস্য উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এখন পর্যন্ত চলতি বৎসরে এ বিষয়ে ৪০জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>		<p>১। উপজেলা পল্লী উন্নয়ন কর্ম কর্তা টুঞ্জিপাড়া</p>
---	--	---

উপজেলা যুব উন্নয়ন কর্ম কর্তার কার্যালয় টুঞ্জিপাড়া

<p>সভায় উপজেলা যুব উন্নয়ন কর্ম কর্তা, টুঞ্জিপাড়া জানান যে, যুব প্রশিক্ষণ ও আত্মকর্ম সংস্থান কর্ম সূত্রী মাধ্যমে চলতি বছর ১০ জন প্রশিক্ষিত যুবক ও যুব মহিলাদের মধ্যে ৬,২০,০০০/= (ছয় লক্ষ বিশ হাজার টাকা)মাত্র যুবঋণ বিতরণ করা হয়েছে। পরিবার ভিত্তিক কর্ম সংস্থান কর্মসূচীর আওতায় গ্রুপ ও কেন্দ্র গঠনের মাধ্যমে ৮০ জন সদস্যদের মাঝে ৯,৬০,০০০/= (নয় লক্ষ ষাট হাজার) টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া ১৮ থেকে ৩৫ বছর বয়সী যুব ও যুব মহিলাদের মাঝে বিভিন্ন ট্রেডে ১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে অত্র দপ্তরের মাধ্যমে যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। ইন্সপেক্ট ফেজ- ৩ প্রকল্পের বিপরীতে বায়েগ্যাস প্রকল্পের কাজ শিঘ্রই শুরু হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>---০---</p>	<p>১। উপজেলা যুব উন্নয়ন কর্ম কর্তার কার্যালয় টুঞ্জিপাড়া।</p>
--	----------------	---

ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সাব সেক্টর, টুঞ্জিপাড়া

<p>সভায় ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সাব সেক্টর, টুঞ্জিপাড়া জানান যে, টুঞ্জিপাড়া উপজেলায় প্রায় ৩ (তিন) কোটি টাকার বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বিল গুলো আদায়ের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</p>	<p>সিদ্ধান্তঃ সরকারি অফিস গুলোর বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ জানান।</p>	<p>ডিজিএম, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সাব সেক্টর, টুঞ্জিপাড়া</p>
--	--	---

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্য লয় টুঞ্জিপাড়া

সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঞ্জিপাড়া জানান যে, পাটগাভী ইউনিয়নে খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ০১ (এক) জন ডিলার নিয়োগ করা হবে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় তিনি আরও জানান যে, বীজ ধান সংগ্রহের জন্য পারিবারিক সাইলো ড্রাম এসেছে। ড্রাম গুলো বিতরণের জন্য তালিকা প্রস্তুত করা প্রয়োজন। উক্ত কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	----০----	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, টুঞ্জিপাড়া
---	-----------	---

উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্য লয় টুঞ্জিপাড়া

উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, টুঞ্জিপাড়া জানান যে, উপজেলার স্ট্রীট সোলার লাইট স্থাপনের জন্য ল্যাম্প স্ট্যান্ড স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। আগামী মাস থেকে লাইট স্থাপনের কাজ শুরু করা হবে মর্মে অবহিত করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	----০----	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা টুঞ্জিপাড়া
--	-----------	--

তথ্য সেবা কর্মকর্তার কার্য লয় তথ্যআপা প্রকল্প (২য় পর্য্যায়) এর কার্য লয়

সভায় তথ্য সেবা কর্মকর্তা, তথ্যআপা প্রকল্প (২য় পর্য্যায়), টুঞ্জিপাড়া জানান যে, নারীদের ডিজিটাল সেবা সম্পর্কে তথ্য প্রদান, বিভিন্ন বিষয়ে পরামর্শ, ল্যাপটপ, ইন্টারনেট ব্যবহার করে প্রকল্প এলাকার স্বাস্থ্য সেবা প্রদান উপজেলা পরিষদের সকল দপ্তরের সেবা প্রদানের সম্পর্কে তথ্য দেওয়া হয়েছে। গত মাসে ডোর টু ডোর ৯৫০ জনকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রে সেবাগ্রহীতাদের বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান, জন্ম নিবন্ধন, চাকরির আবেদন, কোভিড ভ্যাক্সিন নিবন্ধন, চাকরির তথ্য চাকরির প্রবেশপত্র, চাকরির পরীক্ষার ফলাফল দেখে দেওয়া হয়েছে। তথ্য কেন্দ্রে গত মাসে মোট ৮০ জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	---০---	তথ্য সেবা কর্মকর্তা, তথ্যআপা প্রকল্প (২য় পর্য্যায়), টুঞ্জিপাড়া
--	---------	---

উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান, টুঞ্জিপাড়া

সভায় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান, টুঞ্জিপাড়া জানান যে, চলতি শুল্ক মৌসুমে বিল গুলো শুল্কিয়ে যাওয়ায় স্থানীয় কিছু মৎস্য শিকারী খালে বাধ দিয়ে পানি সেচে নির্বিচারে ছোট বড় দেশীয় প্রজাতির মাছ ধরে নিয়ে যাচ্ছে। ফলে দেশীয় প্রজাতির মাছ খাল ও বিল থেকে দিন দিন কমে যাচ্ছে। এ বিষয়ে মৎস্য আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান।	---০---	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা টুঞ্জিপাড়া
---	---------	---

অতঃপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সোলায়মান বিশ্বাস)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৩৫৯১.০০৬.০০.০০১.১২- ২০১

তারিখঃ ২৮/০২/২০২২খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৫। মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি, গোপালগঞ্জ-৩।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ০৮। মেয়র, টুঙ্গিপাড়া পৌরসভা, টুঙ্গিপাড়া।
- ০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া।
- ১০। উপজেলা কর্ম কর্তা টুঙ্গিপাড়া/অফিসার ইনচার্জ, টুঙ্গিপাড়া থানা, গোপালগঞ্জ।
- ১১। চেয়ারম্যান ইউপি (সকল), টুঙ্গিপাড়া।
- ১২। জনাব
- ১৩। অফিস কপি।


(এ.কে. এম. হেদায়েতুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং-(০২) ৬৬৫৬২০২